

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা (বাংলাদেশের প্রকৃত নাগরিক) এর নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	যোগ্যতা	মন্তব্য
১	কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী	০৩ (তিন) টি	টাঃ ৯,৩০০/- থেকে ২২,৪৯০/- (গ্রেডঃ ১৬) (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে অন্যান্য ২০ ও ২০ শব্দের গতি; গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন।

প্রার্থীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা ফরম বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.bhtpa.gov.bd) পাওয়া যাবে।

১। আবেদনপত্র আগামী (০৫/০৪/২০১৮) তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার (১০ম তলা), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে।

২। আবেদনের শর্তাবলীঃ

- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে ০১/০৩/২০১৮ তারিখে বয়স হবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর হতে হবে।
- খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলরের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র, প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।
- সরকারি প্রচলিত বিধি মোতাবেক এই নিয়োগ প্রদান করা হবে।
- মুক্তিযোদ্ধা কোটার স্বপক্ষে সরকার কর্তৃক বৈধ স্বীকৃত সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে আবেদনপত্রের সহিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার তালিকা নম্বর (মুক্তিবর্তা নম্বর/গেজেট নম্বর), জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ (সত্যায়িত ফটোকপি/প্রমাণক) সংযুক্ত করে নিম্নবর্ণিত ছক পূরণ করতে হবে।

ক্রমিক নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা/জেলার নাম	জাতীয় পরিচয়পত্র/ জন্ম তারিখ	মুক্তিবর্তা নম্বর/ গেজেট নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)	(০৭)	(০৮)

(ছ) আবেদনপত্রের সাথে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা এর অনুকূলে পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকার সোনালী ব্যাংক ট্রেজারী চালান (কোড নং ১-২৮০৫-৩০৩২-২৬৮১) জমা প্রদান করে ট্রেজারী চালান এর মূল কপি সংযুক্ত করতে হবে।

(জ) প্রবেশপত্র প্রেরণের নিমিত্ত পদের নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ০৭ (সাত) টাকার ডাকটিকেটযুক্ত ফেরত খাম আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

(ঝ) বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(ঞ) ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ট) প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঠ) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।


(ড) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

(ঢ) নিয়োগকৃত কর্মচারীর চাকুরী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।

(ণ) মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট যাবতীয় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

(ত) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমাণক এর আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে।

৩। আবেদনপত্র গ্রহণ, বাছাই, বাতিল কিংবা অনিবার্য কারণবশত: নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২৭/০২/২০১৮
পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ